

19 OCT 2017
12

দৈনিক
জ্যুরি

মানসম্পন্ন গ্র্যাজুয়েট
তৈরি করতে
হবে ॥ ঢাবি ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । ঢাকা
বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য
অধ্যাপক ড. মোঃ আখতারজামান
বলেছেন, প্রিন্টিং এ্যান্ড পাবলিকেশন
স্টাডিজ বিভাগ একটি স্বতন্ত্র বিদ্যা ।
এ বিভাগের পেশাদারিত্ব আছে ।
আমাদের গুণগত মানের সঙ্গে তাল
মিলিয়ে ছাত্রছাত্রী ভর্তি করতে হবে ।
মানসম্পন্ন গ্র্যাজুয়েট হিসেবে তাদের
তৈরি করতে হবে । মান ধরে রাখতে
পারলে এ বিভাগ উদাহরণ হয়ে
থাকবে । বুধবার ঢাবি প্রিন্টিং এ্যান্ড
পাবলিকেশন স্টাডিজ বিভাগের নতুন
দফতর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব
কথা বলেন । এ সময় উপস্থিত ছিলেন
সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাণ
ডিন অধ্যাপক ড. সাদেক হালিমসহ
বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ ।
অনুষ্ঠানে ঘাগত বক্তব্য দেন বিভাগের
চেয়ারম্যান সুধাঙ্গ শেখের বায় । তিনি
বলেন, বাংলাদেশে প্রিন্টিং এ্যান্ড
পাবলিকেশনের ওপর কোন প্রেরণাম
চালু নেই । অথচ বিশ্বের প্রায় ৫০০
বিশ্ববিদ্যালয়ে এ বিষয়ের ওপর কোর্স
চালু আছে । এমনকি পাশের দেশে
ভারতেও আছে । সে হিসেবে ঢাকা
বিশ্ববিদ্যালয়ে এ বিভাগের নতুন
দফতর উদ্বোধন একটি মাইলফলক
বলা যেতে পারে । উল্লেখ্য, ২০১৫
সালের অক্টোবরে প্রিন্টিং এ্যান্ড
পাবলিকেশন স্টাডিজ বিভাগ চালু
হয় ।